# অন্তর্বর্তী সরকারের সময়েই জুলাই সনদ বাস্তবায়নের দাবি খেলাফত মজলিসের



সংগৃহীত ছবি

খেলাফত মজলিসের মহাসচিব আহমেদ আব্দুল কাদের বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে জুলাই সনদ বাস্তবায়ন জরুরি। তারা ফেব্রুয়ারিতে অবাধ ও সুষ্ঠু নির্বাচন চায় এবং আইনশৃঙ্খলা বাহিনীকে শক্তিশালী করে সমান সুযোগ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) বিকেলে প্রেসক্লাবের সামনে ৬ দফা দাবিতে আয়োজিত বিক্ষোভ-পূর্ব সমাবেশে আহমেদ আব্দুল কাদের বলেন, “এই সরকারের সময়েই জুলাই সনদ কার্যকর করতে হবে। রাষ্ট্রপতির ঘোষণার মাধ্যমে এর আইনি ভিত্তি নিশ্চিত করতে হবে।”

তিনি উল্লেখ করেন, ফেব্রুয়ারিতে নির্বাচন হবে, তবে এটি যেন নিছক নির্বাচন নয়, বরং সম্পূর্ণ অবাধ ও সুষ্ঠু হয়। তিনি আরও বলেন, জনগণকে নিরাপদ রাখা এবং আইনশৃঙ্খলা বাহিনীকে শক্তিশালী করা ছাড়া এমন নির্বাচন সম্ভব নয়।

সমাবেশ শেষে খেলাফত মজলিসের কর্মী ও সমর্থকরা বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন এবং সরকারের প্রতি তাদের দাবি তুলে ধরেন।

LENS ASIA